# আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১ : ১১

## আরবি মূল আয়াত:

كَذَّبَتْ ثَمُودُ بِطَغْوٰىهَآ ﴿١١﴾

## অনুবাদসমূহ:

সামূদ জাতি আপন অবাধ্যতাবশত অস্বীকার করেছিল। — আল-বায়ান

সামূদ জাতি সীমালঙ্ঘন ক’রে (তাদের নবীকে মেনে নিতে) অস্বীকার করেছিল। — তাইসিরুল

ছামূদ সম্প্রদায় অবাধ্যতা বশতঃ সত্যকে মিথ্যা বলে প্রত্যাখ্যান করল, — মুজিবুর রহমান

Thamud denied [their prophet] by reason of their transgression, — Sahih International

### ১১. সামূদ সম্প্রদায় অবাধ্যতাবশত(১) মিথ্যারোপ করেছিল।

(১) অর্থাৎ তারা সালেহ আলাইহিস সালামের নবুওয়াতকে মিথ্যা গণ্য করলো। তাদেরকে হেদায়াত করার জন্যে সালেহকে পাঠানো হয়েছিল। যে দুষ্কৃতিতে তারা লিপ্ত হয়েছিল তা ত্যাগ করতে তারা প্রস্তুত ছিল না এবং সালেহ আলাইহিস সালাম যে তাকওয়ার দিকে তাদেরকে দাওয়াত দিচ্ছিলেন তা গ্রহণ করতেও তারা চাইছিল না। নিজেদের এই বিদ্রোহী মনোভাব ও কার্যক্রমের কারণে তাই তারা তার নবুওয়াতকে মিথ্যা বলছিল। এ সম্পর্কে বিস্তারিত জানার জন্য পড়ুন সূরা আল-আ’রাফঃ ৭৩-৭৬, হূদঃ ৬১-৬২, আশ শু'আরাঃ ১৪১-১৫৩, আন-নামলঃ ৪৫-৪৯, আল-কামার ২৩-২৫।

তাফসীরে জাকারিয়া

### ১১। সামূদ সম্প্রদায় অবাধ্যতাবশতঃ (সত্যকে) মিথ্যা জ্ঞান করল। [1]

[1] طغيان সেই অবাধ্যতাকে বলে, যা সীমা ছাড়িয়ে যায়। সেই অবাধ্যতাই তাদেরকে মিথ্যাজ্ঞান করায় উদ্বুদ্ধ করে তুলেছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন